

## বীরপ্রতীক উইলিয়াম এ এস ওডারল্যান্ডের জীবনী ভিত্তিক প্রামাণ্যচিত্রের পোস্টার উদ্বোধন

গত ৫ জুন বুধবার বাংলাদেশের মুক্তিযুদ্ধে একমাত্র বিদেশী বীরপ্রতীক উইলিয়াম এ এস ওডারল্যান্ডের জীবনী ভিত্তিক প্রামাণ্যচিত্রের পোস্টার উদ্বোধন করা হয়।

অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরাছ বাংলাদেশ হাই কমিশনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ায় বাংলাদেশের মান্যবর হাই কমিশনার লে:

জে: মাসুদউদ্দিন চৌধুরী, অস্ট্রেলিয়ার টিভিএস টেলিভিশনের বাংলা বিভাগের প্রযোজক রহমতউল্লাহ, ফটোগ্রাফার মুহিবুর রহমান, ওডারল্যান্ড মেমোরিয়াল কমিটির কামরুল আহসান খান, মুক্তমঞ্চ সম্পাদক নোমান শামীম ও বীরপ্রতীক ওডারল্যান্ডের জীবনী ভিত্তিক প্রামাণ্যচিত্রের পরিচালক মাহবুবুর রহমান বাবু।



নেদারল্যান্ড, জার্মানি, অস্ট্রেলিয়া ও বাংলাদেশে ধারণকৃত এ প্রামাণ্যচিত্রের দৈর্ঘ্য ৪০ মিনিট। প্রযোজনা ও পরিবেশনা এসএডিসিএস।

